



## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩০.০০২.২১.২২৭৮

তারিখ : ১৭ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ এয়ার টিকেট (ট্রাভেল এজেন্ট) সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৪ আগস্ট ২০২১ তারিখে দৈনিক ইত্তেফাক ও The Daily Star পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে “চ-ক্যাটাগরী”(এয়ার টিকেট/ট্রাভেল এজেন্ট)তে সরবরাহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক যাচাই-বাছাই ও প্রয়োজনীয় ক্ষেত্রে পরিদর্শন সাপেক্ষে গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বিটিআরসি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য এয়ার টিকেট (ট্রাভেল এজেন্ট) সরবরাহের নিমিত্তে শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো :-

নং	প্রতিষ্ঠানেরনাম	ঠিকানা
১.	ওরাকল ট্রাভেলস লিমিটেড	রুপায়ন সেন্টার (৫ম তলা), ৭২ মহাখালী, ঢাকা-১২১২।
২.	এয়ার ট্রিপ ইন্টারন্যাশনাল লিঃ	সিটি হার্ট (৫ম তলা), ৬৭ নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০।
৩.	সোসাইটি এভিয়েশন	১৪ টিআইটি এভিনিউ রোড (১ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৪.	গুডম্যান ট্রাভেলস	৪৪, ইন্সটন গার্ডেন (২য় তলা), রমনা, ঢাকা-১০০০।
৫.	ট্যুর প্লানারস লিমিটেড	টাওয়ার হেমলেট (১০ তলা), ১৬ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।

### শর্তাবলী :

- ১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ অক্টোবর ২০২১- ৩০ জুন ২০২৩ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হল।
- ২। কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র আহবান করা হলে তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহকে দ্রুত সময়ের মধ্যে তা নিশ্চিতকরণের জন্য তাদের ই-মেইল, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির ফোন নম্বর প্রদান করতে হবে।
- ৩। টিকেটের জন্য কোটেশন পাঠানোর সময় প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তা স্বাক্ষরিত হতে হবে।
- ৪। কোটেশনে টিকেটের শ্রেণী/ বুকিং বৈধতা/ এয়ার লাইসেন্সের নাম/সেক্টর উল্লেখ করতে হবে এবং নন-রিফান্ডেবল টিকেট ইস্যু করা যাবে না।
- ৫। দাখিলকৃত কোটেশন অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা, কারচুপি বা অসদাচারণ অবলম্বন করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে দসরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৬। তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহ যদি কোন সরকারী প্রতিষ্ঠানে কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।